দৈনিক জনকণ্ঠ

MAR 20 2002

পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা ভার্সিটির বিভিন্ন বিভাগের পরীক্ষার সময়সূচী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন বিভাগের ২০০০, ২০০১ ও ২০০২ শিক্ষাবর্ষের বিভিন্ন পরীক্ষার সময়সূচী ঘোষণা করেছে। কর্তৃপক্ষের ঘোষিত সময়সূচী অনুযায়ী ফাউন্ডেশন কোর্স (১ম বর্ষ বিএ সম্মান) পরীক্ষা ২০০১ আগামী ২৮ মার্চ থেকে শুরু হচ্ছে। ফাউন্ডেশন কোর্স (১ম বর্ষ বিএ সম্মান) পরীক্ষা ২০০২ আগামী ১ মার্চ ২০০৩ তারিখে শুরু হবে। প্রথম বর্ষ বিএ, বিএসএস সম্মান পরীক্ষা ২০০১ আগামী ১১ এপ্রিল ২০০২ তারিখে শুরু হবে। ১ম বর্ষ বিএ, বিএসএস সম্মান পরীক্ষা ২০০২ আগামী ১৫ মার্চ ২০০৩ তারিখে শুরু হবে। দ্বিতীয় বর্ষ বিএ, বিএসএস সম্মান পরীক্ষা ২০০১ আগামী ১৬ মে ২০০২ তারিখে শুরু হচ্ছে। তৃতীয় বর্ষ বিএ, বিএসএস সম্মান পরীক্ষা ২০০১ পরীক্ষা আগামী ২৭ জুলাই ২০০২ তারিখে শুরু হচ্ছে। চতুর্থ বর্ষ বিএসএস সম্মান পরীক্ষা ২০০০ আগামী ১৩ এপ্রিল ২০০২ তারিখে শুরু হচ্ছে। চতুর্থ বর্ষ বিএ, বিএসএস সম্মান পরীক্ষা ২০০১ আগামী ১ মার্চ ২০০৩ তারিখে শুরু হবে। এমএ, এমএসএস পরীক্ষা ২০০০ আগামী ২ জুন ২০০২ তারিখে শুরু হবে। এমফিল পরীক্ষা ১৯৯৯ জানুয়ারি ২০০২ থেকে শুরু হয়েছে। এমফিল পরীক্ষা ২০০০ আগামী ১ অক্টোবর থেকে ৩০ অক্টোবর ২০০২ সময়ে অনুষ্ঠিত হবে।